

ব্যবস্থা থাকতে হবে। যেমন চার-পাঁচ সিটের একটি ব্যাচেলর কক্ষ এবং প্রিন্সিপালের জন্য দুই কক্ষের একটি বাসার ব্যবস্থা, যা সাব্বুল্যে ৫-১০।

JAN. 11 2002

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

রাজশাহী বিভাগে উন্নততর শিক্ষাব্যবস্থার লক্ষ্যে বিশেষ আবেদন

বর্তমান সরকার বগুড়া শহরে অবস্থিত শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজটিকে এর বর্তমান চত্বর থেকে বগুড়া শহরের শহরতলীতে নতুন স্থান নির্বাচন করে পৃথক ক্যাম্পাসে স্থানান্তর করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। ঢাকা শহরে বিগত সরকার মাইপিজিএমআর প্রতিষ্ঠানটিকে একটি মেডিকেল বিশ্ববিদ্যালয়ে উন্নীত করেছে। যা একটি সঠিক সিদ্ধান্ত বলে প্রমাণিত হয়।

দেশের পশ্চাৎপদ ১৬ জেলা সমন্বয়ে গঠিত সবচেয়ে বড়ো বিভাগ রাজশাহী-বগুড়া-পঞ্চগড় অঞ্চলে দ্বিতীয় মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনে প্রায় সমপরিমাণ অর্থ বিনিয়োগের প্রয়োজন হবে। বগুড়া শহর রাজশাহী বিভাগের কেন্দ্রস্থলে অবস্থিত। এখানে মেডিকেল কলেজটিকে মেডিকেল বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হলে একদিকে যেমন সাধারণ পরিবারে মেধাবী ছাত্রছাত্রীদের চিকিৎসা বিজ্ঞানে উচ্চতর শিক্ষাগ্রহণের সুযোগ সৃষ্টি হবে এবং সঙ্গে সঙ্গে উন্নতমানের চিকিৎসা ব্যবস্থা প্রবর্তন করা যাবে। ফলে রাজশাহী বিভাগের জনগণ বিশেষ করে বৃহত্তর দিনাজপুর, বগুড়া, রংপুর, পাবনা এবং বৃহত্তর রাজশাহীর নওগাঁ জেলার জনগণ বিশেষ করে সাধারণ পরিবারের রোগী কম খরচে উন্নতমানের আধুনিক চিকিৎসার সুযোগ ও সুবিধাসমূহ ভোগ করতে পারবে এবং উপকৃত হবে। এ ছাড়া বরেন্দ্র অঞ্চলসহ উত্তরাঞ্চলের ট্রপিক্যাল/সাব-ট্রপিক্যাল রোগসমূহের সূচিকিৎসার জন্য গবেষণার সুযোগ সৃষ্টি করা যাবে এবং বিদেশী সাহায্য পাওয়া সহজতর হবে। উল্লেখ্য যে, গলগণ্ড, ফাইলেরিয়া ইত্যাদি অত্র অঞ্চলের রোগসমূহের ওপর গবেষণা ও সূচিকিৎসার সুযোগ সৃষ্টিও করা যাবে। তাই বগুড়াছ শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজটিকে উন্নীত করে একটি পূর্ণাঙ্গ মেডিকেল বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা যুক্তিযুক্ত বলে প্রমাণিত হবে। রাজশাহী বিভাগের একমাত্র বৃহদায়তনের হাজী মোহাম্মদ দানেশ বিশ্ববিদ্যালয় কৃষি কলেজটিকে দেশের উত্তর পশ্চিমাঞ্চলে তথা রাজশাহী বিভাগে একটি পূর্ণাঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে উন্নীত ও রূপান্তরিত করা বিশেষভাবে প্রয়োজন। এ প্রতিষ্ঠানকে কৃষি মন্ত্রণালয়ের সংযুক্ত কৃষি উন্নয়ন মুখী কৃষি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হলে

তুলনামূলক অনুর্বর জমি এবং লীড়া উৎপাদন সম্প্রসারণ শিক্ষা জোড়দারকরণের ধাক্কা বন্ধ সুলভ দেশসমূহ থেকে প্রচুর পরিমাণে বৈদেশিক সাহায্য পাওয়ার উজ্জ্বল সম্ভাবনা রয়েছে। রাজশাহী বিভাগে মাত্র একটি সাধারণ বিশ্ববিদ্যালয় চালু আছে। সুদূর পঞ্চগড়, ঠাকুরগাঁও, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা এমনকি দিনাজপুর ও নীলফামারি এলাকা থেকে ছাত্রছাত্রীদের উচ্চতর শিক্ষার সুযোগ খুবই সীমিত ও রাজশাহী শহরের সঙ্গে রেল ও সড়ক যোগাযোগ বেশ কষ্টসাধ্য, যা মূলত ঢাকাগামী ও ব্যয়বহুল। কম অর্থ বিনিয়োগ করে রংপুর সরকারি কারমাইকেল কলেজটিকে পূর্ণাঙ্গ সাধারণ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হোক। এই বিশ্ববিদ্যালয়ে একটি পূর্ণাঙ্গ বিজ্ঞান অনুষদ চালু থাকলে যা ক্যাম্পাসে প্রস্তাবিত নতুন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রকল্পটিকে তার বাজেট ও জনবহুলসহ উত্তরাঞ্চলের সবচেয়ে অনুন্নত বরেন্দ্র অঞ্চলের পল্লীতলা সাপাহার উপজেলা এলাকায় স্থাপন করা সমীচীন বলে আমরা মনে করি। অত্র বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় ক্যাম্পাস জয়পুরপুরহাট জেলায় স্থাপন করা যেতে পারে। জয়পুরহাট রেল কেন্দ্রের সঙ্গে প্রস্তাবিত বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের সদর দপ্তরে যোগাযোগ অনেক সহজতর হবে বলে আমরা মনে করি। মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী/শিক্ষামন্ত্রী ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও রাজনৈতিক নেতৃবৃন্দের মনোযোগ ও যথাযথ কর্মোদ্যোগ আশা করছি।

ডা. আবুল খায়ের, বগুড়া
কৃষিবিদ সাইদুর রহমান, ঘোড়াঘাট,
দিনাজপুর
প্রকৌশলী, আমানুল্লাহ, রাজশাহী।
এডভোকেট গিয়াসউদ্দিন আহমেদ, নওগাঁ।